Date of Publication : 1st December, 2011 *Price : Rs. 2*

VOL-1, Issue 7 *Postal Registration No. : KOL RMS/42/2010-2012*
*For circulation to Subscribers only* RNI No.-WBBIL/2011/38613

# ব্রাহ্ম সম্মিলন বার্তা

## ব্রাহ্ম সম্মিলন সমাজ

১-এ, ডাঃ রাজেন্দ্র রোড, কলকাতা-৭০০ ০২০

**Brahmo Sammilan Barta** ❑ **Brahmo Sammilan Samaj**

প্রথম বর্ষ ঃ স[illegible] ডিসেম্বর ২০১১ অগ্রহায়ণ - পৌষ ১৪১৮

—ঃ সূচীপত্র ঃ—

এ মাসের নিবেদন ঃ

| | | |
|---|---|---|
| অগ্রহায়ণের শেষে | — | ১ |
| বর্ষশেষের প্রার্থনা | — | ২ |
| স্মরণিকা | — | ৩ |
| সাপ্তাহিক উপাসনা ও স্মরণ | — | ৩ |
| ২০১২ জানুয়ারী মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী | — | ৩ |
| শোক সংবাদ | — | ৪ |
| পারিবারিক ও অন্যান্য অনুষ্ঠান | — | ৪ |
| কৃতজ্ঞতা স্বীকার | — | ৫ |
| ১৮২তম মাঘোৎসবের আহ্বান | — | ৬ |
| ১৮২তম মাঘোৎসবের ২০১২ অনুষ্ঠানসূচী | — | ৭ |
| ১৮২তম মাঘোৎসবের সূচনা | — | ৮ |
| Managing Committee of BCHH & BSS School | — | ৯ |
| বিজ্ঞপ্তি ও বিশেষ জ্ঞাতব্য | — | ৯ |

**সমাজ কার্যালয়ে যোগাযোগের সময় ঃ**

প্রতিদিন সন্ধ্যা ৬-৩০টা থেকে ৮-৩০টা

Telephone No. (033)6450-0915

**email :sammilanbarta@gmail.com**

## এ মাসের নিবেদন

### অগ্রহায়ণের শেষে

পৌষের শুরুতে চাষী ভাইরা ফসল কেটে বাড়িতে তোলে। সোনার ফসলের সুগন্ধের মাদকতায় তাদের মন আনন্দে ভরে ওঠে। এই আনন্দকে কেন্দ্র করেই হয় নবান্ন উৎসব। গ্রামের মানুষ সবাই এই উৎসবে যোগ দেয়। আনন্দের সাড়া পড়ে যায়, সরল প্রাণের মানুষের এই আনন্দের উৎসবের ধারা বহুদিন ধরে চলে আসছে। এই উৎসবকে কেন্দ্র করেই আমাদের মন্দিরেও উৎসব উদ্‌যাপিত হয়। নানা শস্যে, ফলে বেদী সাজানো হয়। সঙ্গীতে উপাসনায় করুণাময় দেবতার কাছে কৃতজ্ঞতা জানাই। তাঁর অনন্ত করুণায় অযাচিত অহৈতুকী ভালবাসায় তাঁর এই অমূল্য দান লাভ করার জন্য। কিন্তু এই কথাটাও মনে রাখতে হবে বর্তমানে চাষীরা দরিদ্র থেকে দরিদ্রতর হয়ে যাচ্ছে। কত চাষী ভাই আত্মঘাতী হচ্ছে দারিদ্র্যের জন্য। নবান্নের উৎসব হয়ত আর স্বতস্ফূর্ত নয়। কত দীন দুঃখী নবান্নের কোন সামগ্রীই গ্রহণ করতে পারছেন না। তাই আমরা যেন তাদের কাছে সাহায্যের হাত বাড়িয়ে দিতে পারি। মনে হয় এতেই মঙ্গলময় আরও খুশী হবেন।

তাঁর কাছে আশীর্বাদ চাইছি তিনি আমাদের স্বার্থশূণ্য করুন, উদার মনে আমরা যেন সাধ্যমত দান করে তাঁদের মুখে হাসি ফোটাবার চেষ্টা করি। আগামী নবান্ন উৎসব গ্রামে গঞ্জে আনন্দে আরও মুখর হয়ে উঠুক। উৎসব দেবতা তাঁর এই উৎসব সার্থক করুন সকলের অন্তরে তাঁর আনন্দের স্রোত নিরন্তর বইয়ে দিয়ে।

আগামী ২৫শে ডিসেম্বর যীশুখৃষ্টের জন্মদিন উপলক্ষে প্রায় সারা পৃথিবীতে মানুষ মেতে উঠবে তাঁর জন্মোৎসবে। গির্জায় সবাই মিলিত হবেন যীশুখৃষ্টের অনন্ত জীবনের উদ্দেশ্যে শ্রদ্ধা ও প্রণাম নিবেদন করার জন্য। যখন ভাবি কেন সকলের এই ভক্তি? উত্তর পাই একটি কথায় - তিনি তাঁর পরম পিতা অন্তর্যামী দেবতার উদ্দেশ্যে বলতেন My Father's will is my will পরম পিতার কল্যাণ

ইচ্ছার কাছে প্রতি মুহূর্তে মন প্রাণ নিবেদন করেছিলেন। বাইবেলে লেখা তাঁর বাণী যেন পরম পিতাই তাঁর মুখ দিয়ে নিঃসৃত করেছিলেন। এই বাণী যুগ যুগান্তরের জন্য প্রত্যেক মুহূর্তে সত্য হয়ে ধ্বনিত হবে। জাতি, ধর্ম নির্বিশেষে বিশ্বের সকল মানুষের অন্তরে ব্রহ্মমন্দিরে আমরা নিগূঢ় শ্রদ্ধা ও ভালবাসা নিবেদন করব এই মহান আত্মার উদ্দেশ্যে।

এই প্রসঙ্গে একটি বিষয়ে সতর্ক থাকার প্রয়োজন। যীশুখৃষ্টের জীবনের দিকে যেন তাকিয়ে দেখি কিভাবে তিনি এই জীবন অতিবাহিত করেন। সম্পূর্ণভাবে দীনতাকে আশ্রয় করে দরিদ্রের মত জীবন যাপন করেন। যদি চাইতেন প্রভুত অর্থ সম্পদের অধিকারী হতে পারতেন। এক মুহূর্তের জন্য লোভ তাঁকে স্পর্শ করতে পারেনি। তাই তাঁর উদ্দেশ্যে শ্রদ্ধা, ভালবাসা নিবেদন করতে গেলে আমরা যেন তাঁর মত সংযমী হই। এই উৎসবে জাঁক জমকের চিহ্ন যেন না থাকে কোথাও। তাঁর মত প্রেমে পূর্ণ হতে হবে। জীবনের শেষ মুহূর্তেও তাঁর হত্যাকারীদের জন্য তাঁর প্রিয়তম পরম পিতার কাছে বললেন ''ওরা জানে না কি অপরাধ করছে, ওদের ক্ষমা করে দিও''। এই তুলনাহীন ক্ষমা ও ভালোবাসাকে স্মরণ রেখে যেন তাঁর অমূল্য বাণী জীবনে অনুসরণ করার চেষ্টা করি। আমাদের জীবন ধন্য হয়ে উঠবে। আমাদের পরম সৌভাগ্য যে যীশুখৃষ্টের পরম পিতা আমাদেরও পরম পিতা। তাঁর কাছে আমরা প্রণাম করে বলি ''তোমার এই প্রিয় সন্তানের জীবনের আলো দিয়ে আমাদের সকলের জীবনপ্রদীপগুলি জ্বালাও''। তাঁর বাণী যেন আমাদের জীবনকে সঠিক দিকে নিয়ে যায় যাতে তাঁর মত আমরাও তোমায় খুশী করার চেষ্টা করি। তাঁর মত তোমার কাছে মন প্রাণ নিবেদন করে যেন বলতে পারি সর্বদা

''তোমার ইচ্ছা হউক পূর্ণ করুণাময় স্বামী''

— শ্রীসঞ্জীব মুখার্জি

---

## বর্ষশেষের প্রার্থনা

স্মরণাতীত দূরকাল থেকে যে কালের যাত্রা শুরু সে যাত্রার রথ আজও চলেছে আপন নিয়মমতে। কালের এই অনন্তযাত্রার পটভূমিতেই বিশ্বব্রহ্মাণ্ডের সকল লীলার প্রকাশ। এই মহাবিশ্ব ও মহাকালের দিকে তাকিয়ে উপলব্ধি করি অগণিত জন্মমৃত্যুর মধ্যদিয়ে যেমন পৃথিবীতে প্রাণের লীলা অবিরাম প্রবাহিত তেমনই সময়ের এগিয়ে চলা পুরাতন ক্ষণ থেকে পরবর্তী নতুন ক্ষণে উত্তীর্ণ হবার মধ্য দিয়ে।

বছরের শেষ প্রান্তে পৌঁছে যখন ফিরে তাকাই পার হয়ে আসা সময়টিতে তখন উপলব্ধি করি জীবনদেবতার রচিত জীবননাট্যে কত না বৈচিত্রের প্রকাশ। পথ চলতে চলতে জীবন কখন হয়েছে আনন্দে উজ্জ্বল কখনো বা ক্ষোভে দীর্ণ, বেদনায় স্তব্ধ। কর্মজীবনেও দেখেছি তৃপ্তি ও অতৃপ্তির পাশাপাশি অবস্থান। এবার এই শেষের প্রহরে আত্মস্থ হয়ে শান্ত চিত্তে যদি নিজ নিজ অন্তরে দৃষ্টিপাত করতে পারি, দেখব সেই অন্তরতম অন্তরতরর কৃপাস্পর্শ আমাদের সহায় স্বরূপ হয়ে ছিল আমাদের সকল অবসাদের দিনে, আর আনন্দের দিনে তাঁর কৃপা আশীর্বাদরূপে আমাদের উপর বর্ষিত হয়েছে। জীবনের পথ চলায় তিনি যে পান্থজনের সখা।

এবার ফুরিয়েছে পুরনো বছরের প্রহর। নতুন বছরের আগমনধ্বনি ওই শোনা যায়। এবার নতুন ভাবনা ও উদার আনন্দে উদ্ভাসিত হোক মনের দিগন্ত। প্রার্থনা করব যথার্থ আত্মানুসন্ধানের মধ্য দিয়ে জীবন উত্তীর্ণ হোক দ্বেষ-অহংমুক্ত নবালোকিত অঙ্গনে। বিগত দিনের সকল দীনতা, ক্ষুদ্রতা ও ভুলভ্রান্তির অবসান হোক পুরনো বছরের অবসানের সাথে। আমাদের প্রচেষ্টা থাকুক বিশ্বভ্রাতৃত্ববোধে বিশ্বাসী মানবকল্যাণমুখী এক পরমধর্মের প্রতিষ্ঠাতা রাজা রামমোহন রায়ের যোগ্য উত্তরসূরী রূপে নিজেদের ও পরবর্তী প্রজন্মকে গড়ে তোলার। পরম করুণাময়ের কৃপা আমাদের সকল কর্মের সহায় হউক। সম্মিলিত ভাবে বিশ্বকবির সুরে সুর মিলিয়ে বলি

''অন্তরমম বিকশিত কর অন্তরতর হে—
নির্মল করো, উজ্জ্বল করো, সুন্দর করো হে।।''

— শ্রীমতী রেবেকা রক্ষিত ও শ্রীঅনিরুদ্ধ রক্ষিত

—ঃ স্মরণিকা ঃ—

মরণ সাগর পারে তোমরা অমর তোমাদের স্মরি

১৬ই ডিসেম্বর (১৯৬৯) — আচার্য লাবণ্যপ্রভা দাসের ৪২তম তিরোধান দিবস।

১৮ই ডিসেম্বর (১৮৫৭) — ডাঃ সুন্দরী মোহন দাসের ১৫৪ তম জন্মদিবস।

২০শে ডিসেম্বর (১৯১৫) — শিশু-সাহিত্যিক উপেন্দ্র কিশোর রায়চৌধুরীর ৯৬ তম তিরোধান দিবস।

২৩শে ডিসেম্বর (১৯৩৩) — হেমচন্দ্র সরকারের ৭৮তম তিরোধান দিবস।

২৫শে ডিসেম্বর (০০০০) — মহাত্মা যীশু খ্রীষ্টের ২০১১ তম জন্মদিবস।

---

**—ঃ ২০১১ ডিসেম্বর মাসের সাপ্তাহিক উপাসনা ও স্মরণ ঃ—**

**রবিবার ৪ঠা ডিসেম্বর, ২০১১** — আচার্য - শ্রীরাজকুমার বর্মণ
**সন্ধ্যা ৬-৩০ টা** সঙ্গীত - শ্রীমতী কমলিকা বন্দ্যোপাধ্যায় ও শ্রীঅরিন্দ্রজিৎ সাহা

**রবিবার ১১ই ডিসেম্বর ২০১১** — আচার্য - শ্রীমতী সুনন্দা চ্যাটার্জী
**সন্ধ্যা ৬-৩০ টা** স্মরণ - **আচার্য্য লাবণ্যপ্রভা দাস, ডাঃ সুন্দরী মোহন দাস ও উপেন্দ্র কিশোর রায়চৌধুরী**
সঙ্গীত - ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী

আপনাদের সাদর আমন্ত্রণ জানাই।

---

—ঃ বিশেষ অনুষ্ঠান ঃ—

।। নবান্ন উৎসব ২০১১।।

রবিবার ১৮ই ডিসেম্বর, ২০১১ ঃ নবান্ন পুষ্পে-ফলে সজ্জিত মন্দিরে কৃতজ্ঞতার নিবেদন
সন্ধ্যা ৬-৩০ টা আচার্য - শ্রীপ্রণব রায়
সঙ্গীত - ব্রাহ্ম যুবজন
পরিচালনা - শ্রীমতী শুক্লা দাসগুপ্ত

—ঃ ২০১১ তম খ্রীষ্ট জন্মোৎসব, বর্ষ (২০১১) বিদায় ও নববর্ষ (২০১২) আবাহন ঃ—

রবিবার ২৫শে ডিসেম্বর, ২০১১ ঃ আচার্য - শ্রীঅনিরুদ্ধ রক্ষিত
সন্ধ্যা ৬-৩০টা সঙ্গীত - শ্রীউজ্জ্বল বন্দ্যোপাধ্যায় ও যুবজন

আপনাদের সবান্ধব উপস্থিতি কামনা করি।

---

—ঃ ২০১২ জানুয়ারী মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী ঃ—

রবিবার ১লা জানুয়ারী, ২০১২ — আচার্য - শ্রীমতী সুতপা রায়চৌধুরী
সন্ধ্যা ৬-৩০ টা সঙ্গীত - শ্রীমতী মানসী চ্যাটার্জী

রবিবার ৮ই জানুয়ারী, ২০১২ — আচার্য - শ্রীসিদ্ধার্থ ব্রহ্মচারী
সন্ধ্যা ৬-৩০ টা স্মরণ - ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন
সঙ্গীত - ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী

আপনাদের সাদর আমন্ত্রণ জানাই।

## —।। শোকসংবাদ ।।—

বিগত ১৫ই আগষ্ট সোমবার ২০১১ প্রয়াত খ্যাতনামা চিত্রশিল্পী সুধীরঞ্জন খাস্তগীর ও প্রয়াতা মনোরমা খাস্তগীরের একমাত্র কন্যা ও শ্রীতান আনন্দর মাতা বিশিষ্ট সমাজসেবিকা, সমাজের অনুন্নত শ্রেণীর মানুষের উপর লেখা ''জাদুগোড়া ডায়েরীর'' লেখিকা, আদিবাসী ও গ্রামীণ আধিবাসীদের সেবায় নিবেদিত প্রাণ **শ্রীমতী শ্যামলী খাস্তগীর** ৭১ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন।

বিগত ১৯শে অক্টোবর বুধবার ২০১১ প্রয়াত প্রফুল্ল চন্দ্র মুখার্জী ও প্রয়াতা অমিয়লতা মুখার্জীর কন্যা নয়নানন্দ রায়ের পত্নী এবং শ্রীমতী রমলা ভট্টাচার্য্য ও শ্রীমতী শর্মিলা নিয়োগীর মাতা **শ্রীমতী রমা রায়** ৭৯ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন।

বিগত ২০শে অক্টোবর শুক্রবার ২০১১ প্রয়াত জ্যোতির্ময় রায় ও প্রয়াতা চপলা রায়ের কন্যা, প্রয়াত অমিতসুন্দর রায়ের পত্নী এবং শ্রী রামেন্দ্র সুন্দর রায়ের পিতা **শ্রীমতী আরতি রায়** লণ্ডনে পরলোকগমন করেছেন।

বিগত ২৭শে অক্টোবর বৃহস্পতিবার ২০১১ প্রয়াত কে. জি. মজুমদার ও প্রয়াতা প্রতিমা মজুমদারের কন্যা শ্রীসুনন্দ সেনের পত্নী এবং শ্রীমতী ইরিণা সেনের মাতা **শ্রীমতী ইরা সেন** ৭৯ বছর বয়সে কলকাতায়পরলোকগমন করেছেন।

বিগত ৫ই নভেম্বর শনিবার ২০১১ প্রয়াত পূর্ণচন্দ্র রায় ও প্রয়াতা হেমকুসুম রায়ের কন্যা, প্রয়াত অরুণ কুমার রায়ের পত্নী, শ্রীদীপ্ত রায়, শ্রীমতী পদ্মিনী দাসগুপ্ত ও শ্রীমতী রুক্মিনী রায়ের মাতা **শ্রীমতী মঞ্জুশ্রী রায়** ৭৮ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন।

বিগত ১০ই নভেম্বর শনিবার ২০১১ প্রয়াত সুনীল বরণ মাইতি ও প্রয়াতা বীথিকা মাইতির (কাঁথি) পুত্র, শ্রীমতী বিপাশা মাইতির স্বামী ও শ্রীঅনিন্দ্যসুন্দর মাইতির পিতা **শ্রীসন্দীপ মাইতি** ৬২ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন।

বিগত ১৪ই নভেম্বর সোমবার ২০১১ প্রয়াত সত্যসুন্দর দেব ও প্রয়াতা লীলা দেবের পুত্রবধূ, প্রয়াত রজনীকান্ত দাস ও প্রয়াতা ক্ষীরোদা দাসের কনিষ্ঠা কন্যা, প্রয়াত অমিয় দেবের পত্নী, শ্রীঅভিজিত দেব, শ্রীইন্দ্রজিৎ দেব, শ্রীসুরজিত দেব এবং শ্রীমতী নন্দিনী দাসের মাতা বিশিষ্ট সমাজ সেবিকা, ব্রাহ্ম সম্মিলন সমাজের প্রবীণা সদস্যা **শ্রীমতী ইলা দেব** ৯০ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন।

বিগত ১৬ই নভেম্বর বুধবার ২০১১ প্রয়াত প্রিয়ব্রত সরকার ও প্রয়াতা অমিয়া সরকারের কন্যা প্রয়াত অধ্যাপক অজিত কুমার দসের পত্নী এবং শ্রীঅসিত কুমার দাসের মাতা **শ্রীমতী রমা দাস** ৮৭ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন।

প্রার্থনা করি বিদেহী আত্মা পরম জননীর স্নেহময় ক্রোড়ে চিরশান্তি লাভ করুন। শোকার্ত পরিবার-পরিজনদের শোকসন্তপ্ত হৃদয়ে তাঁদের এই অপূরণীয় ক্ষতি ও গভীর শোকে আন্তরিক সমবেদনা ও সান্ত্বনা জ্ঞাপন করি।

---

## —ঃ পারিবারিক / অন্যান্য অনুষ্ঠান ঃ—

**শ্রাদ্ধানুষ্ঠানঃ**

বিগত ২৩শে অক্টোবর শনিবার ২০১১ রবিবার সকাল ১০টায় ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে প্রয়াতা রমা রায়ের আদ্যশ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীতপোব্রত ব্রহ্মচারী এবং সঙ্গীত পরিবেশন করেন শ্রীযশোপ্রকাশ চ্যাটার্জী, শ্রীমতী রীণা বিশ্বাস, শ্রীমতী সোমা পাল ও শ্রীমতী অনুরাধা বোস। শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন শ্রীমতী রমলা ভট্টাচার্য্য (কন্যা) শ্রীমতী রিংকু রায় (নিয়োগী), শ্রীমতী সুদেষ্ণা রায় ও Sri Fifi Gujadhar (Friend)।

বিগত ৬ই নভেম্বর রবিবার ২০১১ সকাল ১০টায় ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে প্রয়াতা ইরা সেনের আদ্যশ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীমতী ইন্দ্রানী পাল এবং সঙ্গীত পরিবেশন করেন সর্বশ্রী/শ্রীমতী কস্তুরী চক্রবর্তী, অনুরূপা দাস, দেবযানী মজুমদার, সুবীর পাল, যশোপ্রকাশ চ্যাটার্জী ও অনিরুদ্ধ সিংহ। শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন, শ্রীমতী কাজল ভট্টাচার্য্য, শ্রীমতী রীণা নন্দী ও শ্রীমতী সুমিত্রা চ্যাটার্জী।

বিগত ১৩ই নভেম্বর ২০১১ রবিবার সকাল ১০টায় ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে প্রয়াতা মঞ্জুশ্রী রায়ের আদ্যশ্রাদ্ধানুষ্ঠানে

আচার্যের কাজ পালন করেন শ্রীসঞ্জীব মুখার্জি ও সঙ্গীত পরিবেশন করেন সর্বশ্রী/শ্রীমতী পৃথা রায়বর্ধন, অমৃতা চৌধুরী, সুমনা রায়, প্রণমা রায়, কৌশিক দে।

বিগত ২০শে নভেম্বর ২০১১ রবিবার সকাল ১০ টায় ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে প্রয়াতা ইলা দেবের আদ্যশ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীসঞ্জীব মুখার্জি এবং সঙ্গীতে অংশ গ্রহণ করেন সর্বশ্রী/শ্রীমতী সুচরিতা বোস, অনন্যা চ্যাটার্জী, মৌসুমী চ্যাটার্জী, উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, দেবাশিস বসু। স্মৃতিচারণ করেন শ্রীমতী কুমকুম ব্যানার্জী ও শ্রীমতী সুচরিতা বোস।

বিগত ২৫শে নভেম্বর শুক্রবার ২০১১ সন্ধ্যা ৬ টায় ব্রাহ্ম সম্মিলন সমজ মন্দিরে প্রয়াত সন্দীপ মাইতির আদ্যশ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীমতী সুজাতা ব্যানার্জী এবং সঙ্গীত পরিবেশন করেন সর্বশ্রী/শ্রীমতী মণীষা সিংহ, অদিতী ব্যানার্জী, কমলিকা ব্যানার্জী, সুদক্ষিমা কুণ্ডু মুখার্জি, অরীন্দ্রজিৎ সাহা, প্রসীদ বসু, যশোপ্রকাশ চ্যাটার্জী, যতিশংকর ব্যানার্জী, অনিন্দ্য সুন্দর মাইতি (পুত্র)। শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন শ্রীমতী তপতী দাস (ভগিনী), শ্রীঅনিন্দ্যসুন্দর মাইতি (পুত্র), শ্বশ্রমাতা শ্রীমতী মমতা ব্যানার্জীর লেখা পাঠ করেন শ্রীযতিশঙ্কর ব্যানার্জী, শ্রীমতী মণীষা সিংহ (শ্যালিকা) এবং শ্রীপ্রসেনজিৎ ব্যানার্জী (বন্ধু)।

বিগত ২৭শে নভেম্বর রবিবার ২০১১ সকাল দশটায় ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে প্রয়াতা রমা দাসের আদ্যশ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীসঞ্জীব মুখার্জি এবং সঙ্গীত পরিবেশন করেন সর্বশ্রী/শ্রীমতী শুক্লা দাসগুপ্ত, অনন্যা চ্যাটার্জী, রীণা দোলন গঙ্গোপাধ্যায়, মৌসুমী চ্যাটার্জী, কৌশিক দে, অভিজিৎ দাস ও উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামাণ্য রাষ্ট্রপতি মোঃ জিল্লুর রহমান প্রেরিত শোকবার্তা পাঠ করেন শ্রীঅসিত কুমার দাস, শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন শ্রীঅসিত কুমার দাস (পুত্র), শ্রীমতী অঙ্কিতা দাস (নাতনী), শ্রীমতী সাগরিকা ঘোষ (জাতীয় মহিলা সংহতির সম্পাদিকা) ও শ্রীমতী আগমনী লাহিড়ী।

**সাপ্তাহিক উপাসনা ও স্মরণঃ**

বিগত (নভেম্বর ২০১১) মাসের সাপ্তাহিক উপাসনার কার্যসূচী অনুযায়ী দেশবন্ধু চিত্তরঞ্জন দাস, ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন, আচার্য জগদীশচন্দ্র বসু, ছত্রধারিনী-বিরাজমোহিনী কৃষ্ণদয়াল দে ও শান্তিকণা দাসগুপ্তের স্মরণে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। শ্রীঅনিরুদ্ধ রক্ষিত, শ্রীসঞ্জীব মুখার্জি, শ্রীসিদ্ধার্থ ব্রহ্মচারী, ও শ্রীমতী সুতপা রায়চৌধুরী আচার্যের দায়িত্ব পালন করেন। সঙ্গীত পরিবেশন করেন প্রথম রবিবার শ্রীমতী মানসী চ্যাটার্জী, দ্বিতীয় রবিবার সর্বশ্রী/শ্রীমতী মধুশ্রী ব্যানার্জী, মৌসুমী চ্যাটার্জী, কস্তুরী চক্রবর্তী, সুহিতা ভট্টাচার্য্য, উদিতা রায়, অনুরমা ভট্টাচার্য্য, শ্যামলী সেনগুপ্ত, অনিন্দিতা দাসগুপ্ত, সুস্মিতা নাথ, অঞ্জনা গুহ, সুচন্দ্রা ব্যানার্জী, লক্ষ্মী খাস্তগীর, দেবরাণী কর, উজ্জ্বল ব্যানার্জী, শঙ্কর প্রসাদ মিত্র, অভীক ঘোষ ও মন্দার সেনগুপ্ত। তৃতীয় রবিবার শ্রীসৌরভ চ্যাটার্জী ও চতুর্থ রবিবার শ্রীমতী রেবেকা রক্ষিত ও শ্রী অনিরুদ্ধ রক্ষিত।

---

**—ঃ কৃতজ্ঞতা স্বীকার ঃ—**

**সাধারণ ফণ্ড ঃ** শ্রীমতী সুনন্দা নাগ, শ্রীমতী অর্পিতা গুহ ঠাকুরতা ও শ্রীমতী রত্নাবলী বোস - (প্রয়াত পিতা শান্তিবিন্দু গুপ্তের স্মৃতির উদ্দেশ্যে) — ১০০০ টাকা (র/নং ২৬৩৬); শ্রীমতী সুনন্দা মজুমদার (প্রয়াত স্বামী দীপেন্দ্র নাথ মজুমদারের জন্মদিবস উপলক্ষে) — ৫০০০ টাকা (র/নং ২৬৩৯); শ্রীপরাগ রক্ষিত (পৌত্র শ্রীপ্রমিত রক্ষিতের নামকরণ ও অন্নপ্রাশন অনুষ্ঠান (০৭/১০/১১) উপলক্ষে) — ১০০০ টাকা (র/নং২৬৪৩); শ্রীসুনন্দ সেন (প্রয়াত পত্নী ইরা সেনের আদ্যশ্রাদ্ধ (০৬/১১/১১) উলপক্ষে ) — ১০০০ টাকা (র/নং ২৬৪৪); শ্রীমতী সুচেতা নিয়োগী — ২০০ টাকা (র/নং ২৬৪৫)

**লাইব্রেরী ফণ্ড ঃ** শ্রীমতী মৃণালিনী মুখার্জি ও শ্রীমতী অর্পিতা গুহঠাকুরতা (প্রয়াত পিতা / পিতামহর স্মৃতির উদ্দেশ্যে) — ৫০০০ টাকা (র/নং ২৬৩১);

**ওয়েলফেয়ার ফণ্ড ঃ** শ্রীমতী রমলা রায় (প্রয়াতা মাতা রমা রায়ের আদ্যশ্রাদ্ধ (২৩/১০/১১) উপলক্ষ্যে)—১৫০ টাকা (র/নং ২৬৩২); শ্রীসুনন্দ সেন (প্রয়াতা পত্নী ইরা সেনের আদ্যশ্রাদ্ধ (০৬/১১/১১) উপলক্ষ্যে)—১৫০ টাকা (র/নং ২৬৩৩) ; শ্রীউদিত ধর (শ্রীশান্তনু ধর ও শ্রীমতী তুলিকা চ্যাটার্জীর এনগেজমেন্ট অনুষ্ঠান (০৩/১২/১১) উপলক্ষে)— ১৫০ টাকা (র/নং ২৬৩৭); শ্রীসুরজিত দেব (প্রয়াতা মাতা ইলা দেবের আদ্যশ্রাদ্ধ (২০/১১/১১) উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং ২৬৪০); শ্রীঅসিত কুমার দাস (প্রয়াতা মাতা রমা দাসের আদ্যশ্রাদ্ধ (২৭/১১/১১) উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং

২৬৪২); শ্রীমতী বিপাশা মাইতি (প্রয়াত স্বামী সন্দীপ মাইতির আদ্যশ্রাদ্ধ (২৫/১১/২০১১) উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং ২৬৪৬)।

**মেমোরিয়াল বিল্ডিং রিপেয়ার ফণ্ড ঃ** শ্রীঅতীশরঞ্জন ব্যানার্জী ও শ্রীমতী সুস্মিতা ব্যানার্জী (প্রয়াতা মাতা পুণ্যলেখা ব্যানার্জীর ৩৬ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে) — ৫০১ টাকা (র/নং ২৬৩৪); শ্রীমতী সুনন্দা নাগ (প্রয়াত পিতা শান্তিবিন্দু গুপ্তের স্মৃতির উদ্দেশ্যে মৃত্যু (১৯/১০/০৮) — ৫০০০ টাকা (র/নং ২৬৩৫);

**দাতব্য হোমিও চিকিৎসালয় ফণ্ড ঃ** শ্রীমতী দীপ্তি পাল (প্রয়াতা মাতা বীণা বসুর স্মৃতির উদ্দেশ্যে) — ৩০৪৫ টাকা (র/নং ২০১);

**নতুন ট্রাষ্ট ফণ্ড ঃ সুরঞ্জিতা চ্যাটার্জী ট্রাষ্ট ফণ্ড ঃ** শ্রীসৌরভ চ্যাটার্জী (প্রয়াতা মাতা সুরঞ্জিতা চ্যাটার্জীর স্মৃতির উদ্দেশ্যে (১৫/০৫/০৫) প্রদত্ত এই ট্রাষ্ট ফণ্ডের সুদবাবদ অর্থ ব্রাহ্ম সম্মিলন সমাজের কার্যকরী সমিতির অনুমতি সাপেক্ষে প্রয়োজন অনুযায়ী ব্যয় করা যাবে) — ৩০০০ টাকা (র/নং ২৬৪১)

এই সকল সহৃদয় দান ও সাহায্যের জন্য সকল দাতাদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। করুণাময় ঈশ্বর এঁদের সকলের মঙ্গল বিধান করুন এবং এই সকল দান সার্থক হোক।

---

## —ঃ ব্রাহ্ম সম্মিলন সমাজ ঃ—

**১-এ ডাঃ রাজেন্দ্র রোড, ভবানীপুর, কলকাতা - ৭০০ ০২০**

**১৮১ তম মাঘোৎসব ১৪১৭ (২০১১)**

।। মাঘোৎসবের আহ্বান ।।

"উৎসব-মন্দিরে আজ, বিশ্বপতি ধর্মরাজ
করেন বিরাজ, রাজসিংহাসনে—
মরি কী সুন্দর শোভা, পুণ্যময়ের পুণ্যপ্রভা,
কৃতার্থ হইল প্রাণ দরশনে।"

— ত্রৈলোক্যনাথ সান্যাল

প্রিয় ভ্রাতা/ভগিনী,

বৎসরান্তে আবার আহ্বান এসেছে উৎসবাধিপতির দরবারে ভ্রাতাভগ্নী সকলে মিলে আনন্দযজ্ঞে সামিল হবার জন্য। সারাটি বছর ধরে কত সুখে-অসুখে পথে-বিপথে ঘুরে বেড়িয়েছি আমরা। আজ আকুলিত ভক্ত হৃদয়গুলি কণ্ঠ ভরে তাঁর নামগান গাইবার জন্য উৎসুক হয়ে উঠেছে। আমাদের মোহে অচেতন তমসাবৃত প্রাণগুলিতে সেই পুরানো মধুর বাণী বেজে উঠেছে — তাই ভ্রাতা ভগ্নী, বন্ধুজনে মিলে ছুটে এসেছি সেই দয়ালনামখানিকে সম্বল করে প্রেমানন্দরসধারায় অবগাহন করার জন্য। কিন্তু দেবতাকে নিবেদন করার মত কিছুই তো নেই আমাদের! তাই রিক্ত চিত্তগুলিকে, সাধন ভজনহীন জীবনগুলিকেই তাঁর চরণে ভক্তি উপহাররূপে সাজিয়ে দেবো। দেবতার আশীর্বাদ লাভ ক'রে আমাদের মৃতপ্রায় জীবনগুলি নূতন করে জেগে উঠুক - অমৃতরসধারায় অবগাহন করুক। এই হোক আমাদের উৎসবের মূল মন্ত্র।

"মুখরিয়া দিক চলিবে পথিক অমৃতসভার যাত্রী,
গগনে ধ্বনিবে 'নাথ, নাথ, বন্ধু বন্ধু বন্ধু" ।।

বিনীত,

| | | | |
|---|---|---|---|
| সঞ্জীব মুখার্জি, স্থায়ী আচার্য | চন্দ্রা বসু | রীতা বিশ্বাস | শ্যামলী দাসগুপ্ত |
| সুনন্দা দাস, সভাপতি | ব্রততী বসু | মিতালী গাঙ্গুলী | মমতা দাসগুপ্ত |
| প্রসূন গাঙ্গুলী , সম্পাদক | শ্রীলতা গুপ্ত | অঞ্জলি সেন | প্রদীপ্ত রায় |
| অনিরুদ্ধ রক্ষিত কোষাধ্যক্ষ | | যুগ্ম-সম্পাদকবর্গ | |

ব্রাহ্ম সম্মিলন সমাজ (১লা ডিসেম্বর ২০১১) ১৮২ তম মাঘোৎসব কমিটি, ২০১২

# ব্রাহ্ম সম্মিলন সমাজ

ভবানীপুর

১৮২ তম মাঘোৎসব: ১৪১৮ (২০১২)

।। কার্যসূচী ।।

।। বিশেষ অনুষ্ঠান ।।

৩০শে পৌষ রবিবার ঃ ১৫ই জানুয়ারী, ২০১২

সন্ধ্যা ৬-৩০ টা ঃ ব্রহ্মোপাসনা
আচার্য ঃ ডঃ মধুশ্রী ঘোষ
সঙ্গীত ঃ শ্রীমতী শ্রবন্তী ব্যানার্জী
শ্রীদেবাশিষ রায়

বক্তৃতা
বিষয় ঃ রাজা রামমোহন রায়
সভাপতি ঃ ডাঃ অরুণ কুমার মিত্র
বক্তা ঃ শ্রীতপন রায়চৌধুরী
এমেরিটাস প্রফেসার
অক্সফোর্ড ইউনিভারসিটি

২রা মাঘ মঙ্গলবার ঃ ১৭ই জানুয়ারী, ২০১২

।। মাঘোৎসবের উদ্বোধন ।।
।। রাজর্ষি রামমোহন ও পূর্বাচার্য স্মরণ।।

সন্ধ্যা ৬-৩০ টা ঃ ব্রহ্মোপাসনা
আচার্য ঃ ডঃ অমিতাভ খাস্তগীর
সঙ্গীত ঃ শ্রীঅলোক বসু , মিতা রুদ্র
ও শ্রীমতী চন্দনা চ্যাটার্জী

৪ঠা মাঘ, বৃহস্পতিবার ঃ ১৯শে জানুয়ারী, ২০১২

সন্ধ্যা ৬-৩০ টা ঃ শ্রদ্ধায় স্মরণ
প্রার্থনা ঃ শ্রীপ্রণব রায়
স্মরণ ঃ স্মরণ করবেন
সভাপতি ঃ ব্যারিস্টার পি. কে. দাস
শশীপদ বন্দ্যোপাধ্যায় ঃ ডঃ গৌতম নিয়োগী
প্রতাপচন্দ্র মজুমদার ঃ শ্রীসুনৃত মল্লিক

৬ই মাঘ, শনিবার ঃ ২১শে জানুয়ারী, ২০১২

।। মহর্ষি দিবস ।।

সন্ধ্যা ৬-৩০ টা ঃ শ্রদ্ধাঞ্জলি
প্রার্থনা ঃ শ্রীমতী সুতপা রায়চৌধুরী
সঙ্গীত ঃ শ্রীদেবাশিস রায়চৌধুরী
শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন ঃ শ্রীপ্রসাদরঞ্জন রায়

৭ই মাঘ, রবিবার ঃ ২২শে জানুয়ারী, ২০১২

অপরাহ্ণ ৪-৩০ টা ঃ নৈশ বিদ্যালয়ের বাৎসরিক উৎসব ও পারিতোষিক বিতরণ
প্রার্থনা ও সঙ্গীত ঃ বিদ্যালয়ের ছাত্রছাত্রীবৃন্দ
সন্ধ্যা ৬-৩০ টা ঃ সঙ্গীতে উপাসনা
আচার্য ঃ ডাঃ শুচিতা দেব
সঙ্গীত ঃ শ্রীদেবাশিষ বোস,
শ্রীসৌরভ চ্যাটার্জী,
শ্রীউজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,
শ্রী কৌশিক দে, শ্রীঅরিন্দ্রজিৎ সাহা, শ্রীঅনিরুদ্ধ রক্ষিত,
শ্রীঅনিন্দ্যসুন্দর মাইতি
শ্রীমতী অনন্যা চ্যাটার্জী,
শ্রীমতী কস্তুরী চক্রবর্তী,
শ্রীমতী মানসী চ্যাটার্জী,
শ্রীমতী কস্তুরী চক্রবর্তী,
শ্রীমতী মৌসুমী চট্টোপাধ্যায়
শ্রীমতী রেবেকা রক্ষিত

৮ই মাঘ, সোমবার ঃ ২৩শে জানুয়ারী, ২০১২

সকাল ১০-০০ টা ঃ সম্মিলিত যুব উৎসব
স্থান ঃ ভারতবর্ষীয় ব্রহ্মমন্দির
অপরাহ্ণ ৪-৩০ টা ঃ বালক বালিকা উৎসব
স্থান ঃ ব্রাহ্ম সম্মিলন সমাজ
প্রার্থনা ঃ শ্রীমান শরণ্য বন্দ্যোপাধ্যায়
সঙ্গীত ঃ ,সমবেত
পরিচালনা ঃ শ্রীমতী কমলিকা বন্দ্যোপাধ্যায়
বিচিত্রানুষ্ঠান ঃ নৃত্য - গীত - আবৃত্তি

১০ই মাঘ, বুধবার ঃ ২৫শে জানুয়ারী, ২০১২

সন্ধ্যা ৬-৩০ টা ঃ ১১ই মাঘের প্রস্তুতি
আচার্য ঃ শ্রীঅনিরুদ্ধ রক্ষিত
সঙ্গীত ঃ শ্রীমতী মানসী চ্যাটার্জী ,
শ্রীমতী রেবেকা রক্ষিত
ও শ্রীসৌরভ চ্যাটার্জী

**১১ই মাঘ, বৃহস্পতিবার ঃ ২৬শে জানুয়ারী, ২০১২**

**।। ব্রহ্মমন্দির প্রতিষ্ঠা দিবস ।।**

সকাল ৮-৩০ টা ঃ **ব্রহ্মোপাসনা**
আচার্য ঃ শ্রীমতী সুনন্দা দাস
সঙ্গীত ঃ শ্রীঅভিরূপ গুহঠাকুরতা, শ্রীঅভিজিৎ দাস, শ্রীমতী আত্রেয়ী গুহঠাকুরতা

**জোড়াসাঁকো মহর্ষিভবনে সম্মিলিত মাঘোৎসব**

সন্ধ্যা ৫-৩০টা ঃ **উপাসনা ও সঙ্গীত**
পর্যায় ঃ আচার্য
উদ্বোধন ঃ
স্বাধ্যায় ঃ
নিবেদন ও প্রার্থনা ঃ
সঙ্গীত ঃ বৈতানিক শিল্পী-গোষ্ঠী

সন্ধ্যা ৬-৩০টা ঃ **"দেশের জন্য প্রার্থনা ও দেশাত্মবোধক সঙ্গীত"**
প্রার্থনা ঃ শ্রীমতী ইন্দ্রানী পাল
সঙ্গীত ঃ শ্রীমতী শ্রবন্তী ব্যানার্জী ও সহশিল্পীবৃন্দ

**১৩ই মাঘ, শনিবার ঃ ২৮শে জানুয়ারী, ২০১২**

সন্ধ্যা ৬-৩০টা ঃ **ব্রহ্মসঙ্গীতানুষ্ঠান**
প্রার্থনা ঃ শ্রীমতী জয়শ্রী ভট্টাচার্য
স্মরণ ঃ অযোধ্যানাথ পাকরাশি, ত্রৈলোক্যনাথ সান্যাল
সঙ্গীত ঃ রনো গুহঠাকুরতা, শ্রীপ্রবুদ্ধ রাহা, শ্রীমতী শর্মিলা রায় পোমো, শ্রীমতী অনুরাধা বসু

**১৪ই মাঘ, রবিবার ঃ ২৯শে জানুয়ারী, ২০১২**

**।। দিনব্যাপী উৎসব ।।**

সকাল ৮-০০ টা ঃ **কীর্তন ঃ** শ্রীরাজকুমার বর্মন
সকাল ৮-৩০ টা ঃ **বৈতালিক**
সকাল ৯-০০ টা ঃ **ব্রহ্মোপাসনা**
আচার্য ঃ শ্রীসঞ্জীব মুখার্জি
সঙ্গীত ঃ ব্রাহ্মযুবজন ও ভক্তজন
পরিচালনা ঃ শ্রীদেবাশিস বসু
সন্ধ্যা ৬-৩০টা ঃ **"শান্তিবাচন"**
আচার্য ঃ শ্রীরাজকুমার বর্মণ
সঙ্গীত ঃ ব্রাহ্মযুবজন ও ভক্তজন
পরিচালনা ঃ শ্রীমতী শুক্লা দাসগুপ্ত

**২০শে মাঘ, শনিবার ঃ ৪ঠা ফেব্রুয়ারী, ২০১২**

**।। আনন্দমেলা ।।**

অপরাহ্ন ৪-৩০ টাঃ **মেলার উদ্বোধন**
উদ্বোধন ঃ শ্রীমতী সুনন্দা (টুনু) রায়চৌধুরী

**উৎসবে সর্বসাধারণের সাদর উপস্থিতি কামনা করি। কার্য-কারণে অনুষ্ঠানসূচী পরিবর্তিত হইতে পারিবে।**

## —ঃ ১৮২ তম মাঘোৎসব ২০১২ ঃ—

### ।। সূচনা ।।

বিগত ১৭ই নভেম্বর ২০১১ বৃহস্পতিবার সন্ধ্যায় আহূত মাঘোৎসব কমিটির সভায় ১৮৩ তম মাঘোৎসবের যুগ্ম-সম্পাদক ও নিম্নলিখিত বিভিন্ন উপ-সমিতির সদস্য নির্বাচনসহ উৎসবের প্রাথমিক কর্মসূচী সভায় উপস্থিত সদস্যদের সম্মতিক্রমে গৃহীত হয়। মাঘোৎসবের কর্মসূচীর সফল রূপায়ন কল্পে বিভিন্ন উপ-সমিতির উৎসাহী সদস্যদের ও বিভিন্ন ভক্তবন্ধুদের এই সকল কাজে সাহায্যের জন্য সমাজের সম্পাদক শ্রীপ্রসূন গাঙ্গুলীর সঙ্গে দুরভাষে (2464-9576 অথবা 98307 86928 ) যোগাযোগ করলে সমাজ উপকৃত হবে। স্মারক-গ্রন্থ, বালক-বালিকা সম্মেলন, দিনব্যাপী উৎসব, অর্থ-সংগ্রহ, প্রেমান্ন ভোজ ও আনন্দমেলা ইত্যাদি বিভিন্ন উপ-সমিতির মাধ্যমে সাহায্যের প্রত্যাশা করি। স্মারক-গ্রন্থের জন্য প্রবন্ধ এবং বিজ্ঞাপন, আনন্দ-মেলায় বানিজ্যিক বিজ্ঞাপন সংগ্রহ করে ও লোক সমাগমে সাহায্য করে এবং উৎসবের ক্রমবর্ধমান বিপুল ব্যয়ভার বহনের জন্য যথোপযুক্ত চাঁদা প্রদান বা সংগ্রহ করে সাহায্য করুন।

*প্রেমান্নভোজ উপ-সমিতি ঃ*
মমতা দাসগুপ্ত
অঞ্জলি সেন
চন্দ্রা বসু
শ্যামলী দাসগুপ্ত
শ্রীলতা গুপ্ত
মিতালী গাঙ্গুলী

*বালক-বালিকা সম্মেলন উপ-সমিতি ঃ*
কমলিকা বন্দ্যোপাধ্যায়
সুমিতা ব্যানার্জী
ঋতশ্রী ভট্টাচার্য
কস্তুরী চক্রবর্তী
রীতা চক্রবর্তী

*আনন্দ-মেলা উপ-সমিতি ঃ*
নয়নতারা পালচৌধুরী
ঋতা ভিমানী
সুজাতা ব্যানার্জী
রীতা বিশ্বাস
মনোজিৎ দাসগুপ্ত
ব্রততী বসু

—ঃ স্মারক-গ্রন্থ উপ-সমিতি ঃ—

প্রসূন গাঙ্গুলী

জ্ঞাতব্য ঃ তালিকা সংশোধন ও সংযোজন-যোগ্য

---

**—II Committees for 2011 - 2012 II—**

**Bhowanipur Charitable Homoeopathic Hospital Managing Committee :-**

**Elected at the AGM of BCHH**

Dr. A. K. Mitra, *President*
Smt. Sunandita Sengupta, *Secretary*
Sri Sandip Kumar Basu, *Treasurer*
Smt. Sunanda Das, Smt. Anjali Sen,
Smt. Chandra Basu, Smt. Sreelata Gupta,
5 Ordinary Members

**Nominated by the Governing Body of the Samaj as its Representatives on 08.10.2011**

Smt. Shyamali Dasgupta, Asst. Secretary
Dr. Suchita Deb, Chief Medical Officer
Dr. A. K. Das, Sri P. R. Dasgupta, Sri Sujit Nandi.
Sri Kamal Ranjan Das, other Members
or representative from King & Co. (Homoeo Chemist Pvt. Ltd.)

**BSS Community Development Centre & School Managing Committee :-**

Secretary : Smt. Anjali Sen
Members : Smt. Chandra Basu, Smt. Sreelata Gupta, Smt. Momota Dasgupta, Smt. Sunandita Sengupta, Dr. Rajyasree Bandopadhyay,

---

**—।। বিজ্ঞপ্তি ।।—**

১৮২ তম মাঘোৎসবের দিনব্যাপী উৎসবে সঙ্গীতে অংশগ্রহণে ইচ্ছুক উৎসাহী গায়ক-গায়িকাদের সাদর আহ্বান জানাচ্ছি। সেই উদ্দেশ্যে উৎসাহী গায়ক-গায়িকাদের প্রতি আন্তরিক আবেদন, তাঁরা যেন অনুগ্রহ করে নিঃসঙ্কোচে শ্রীমতী শুক্লা দাসগুপ্তের সঙ্গে অবিলম্বে যোগাযোগ করেন। শ্রীমতী দাসগুপ্তের ঠিকানা 7-Y, Cornfield Road, Kolkata - 700 019 এবং দূরভাষ নম্বর ঃ 6540-3156. সকলের প্রিয় মাঘোৎসবকে সুন্দর ও সার্থক করে তুলতে সকলের সক্রিয় সহযোগিতা প্রার্থনা করি।

**—ঃ বিশেষ জ্ঞাতব্য ঃ—**

**১। শত-বার্ষিকী স্মারক গ্রন্থ ও স্মারক-খাম ঃ**

সমাজের শত-বার্ষিকী উপলক্ষে একটি 'শত-বার্ষিকী স্মারকগ্রন্থ' প্রকাশ করা হইয়াছে। বহু সুধীবৃন্দের প্রবন্ধ ইত্যাদি,রবীন্দ্র-রচনার ইংরাজী অনুবাদ সম্বলিত এই স্মারক-গ্রন্থ প্রশংসাধন্য ও নিজস্ব পাঠাগারে সংরক্ষণ ও প্রীতি-উপহার দিবার যোগ্য; মূল্য ২৫ টাকা। শত-বার্ষিকী স্মারক-খাম (Special Postal Cover) স্মারক-স্বরূপ সংগ্রহ ও প্রীতি-উপহার দিবার যোগ্য; মূল্য ৭ টাকা।

### ২। বালক-বালিকা সম্মেলন ঃ

বালক-বালিকা সম্মেলনে বিচিত্রানুষ্ঠানে (সঙ্গীত, নৃত্য, আবৃত্তি) অংশ গ্রহণের জন্য ছোট্ট বন্ধুদের (১২ বছর বয়স পর্যন্ত) সাদর আহ্বান জানাচ্ছি। ইচ্ছুক ও উৎসাহী ছোট্ট বন্ধুরা এখনই শ্রীমতী কমলিকা ব্যানার্জীর সঙ্গে দূরভাষে (2476 4697) যোগাযোগ করো। এবারও কিন্তু অনেক মজার মজার অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে ছোট বড় সকলের জন্য। সুতরাং তোমরা যোগদান না করলে বা উপস্থিত না হলে কিন্তু এই মজার সুযোগ হারাবে। এই সঙ্গে জানাই, ছোট্ট বন্ধুরা দুটি গান — 'ছোট্ট শিশু মোরা' আর 'আগুনের পরশমণি' বাড়িতে শিখে আসবে। সেদিন সকলের সঙ্গে তোমাদের গাইতে হবে।

আশাকরি এই অনুষ্ঠানটি সর্বাঙ্গসুন্দর করতে অভিভাবকরা সবরকমে আমাদের সাহায্য করবেন। নির্ধারিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠান পরিচালিত হবে। প্রীতি উপহার ও জলযোগে আনন্দানুষ্ঠানের সমাপ্তি।

### ৩। আনন্দ-মেলা ঃ

এই বৎসর সমাজে আয়োজিত "আনন্দ-মেলার" ৬১ তম উৎসব। উৎসবের অনুষ্ঠান-সূচী অনুযায়ী এই বৎসরও আনন্দ-মেলার বিশেষ আয়োজন করা হইতেছে। এই বিষয়ে সকলের সক্রিয় সহযোগিতা কামনা করি। নির্মল আনন্দলাভ ও পরস্পরের সহিত মিলিত হইবার উপযুক্ত ক্ষেত্র এই আনন্দ-মেলা। সমাজের অন্যতম সদস্য ও শুভানুধ্যায়ী শ্রীমতী নয়নতারা পালচৌধুরী ও শ্রীমতী ঋতা ভিমানী উৎসাহ সহকারে এই আনন্দ-মেলার বিশেষ আয়োজন করিবার দায়িত্ব গ্রহণ করিয়াছেন।

নবীন ও প্রবীনদের জন্য যথাযোগ্য খেলাধূলা, উপহার বিপণী (Gift Stall), সমাজ প্রকাশিত পুস্তক বিপনী ইত্যাদি এবং নানাবিধ রসনাতৃপ্তিকর খাদ্যদ্রব্য, সমাজের বিভিন্ন প্রতিষ্ঠানের অভিজ্ঞ কারুশিল্পীদের নির্মিত নানাবিধ হস্তশিল্প ও দ্রব্যাদির আয়োজন থাকিবে।

ছোটদের প্রিয় উপহার-বিপণীতে (Gift Stall) বিক্রয়ের জন্য মনোহর দ্রব্যাদি অথবা অর্থ দান করিয়া সাহায্য করুন। এই বিপণীর প্রতি ছোটরা বিশেষ আগ্রহী। গৃহে প্রস্তুত খাদ্য-সামগ্রী বিক্রয়ের জন্য দান করিতে চাহিলে সানন্দে গ্রহণ করা হইবে। কে কি খাদ্যদ্রব্য দান করিবেন তাহা ১লা ফেব্রুয়ারীর মধ্যে জানাইলে আমাদের কার্যের সুবিধা হইবে।

এই বৎসব আনন্দ-মেলার ৫৭ বৎসর পূর্তি উপলক্ষে এই বিশেষ আনন্দানুষ্ঠানে আমরা পূর্বাপেক্ষা অধিক সংখ্যক শুভানুধ্যায়ী/সদস্য-সমাবেশের প্রত্যাশা করি। আন্তরিক অনুরোধ, আপনারা সকলে সপরিবারে ও সবান্ধবে এই আনন্দ-মেলায় যোগদান করিয়া নির্মল আনন্দলাভ করিবেন ও আমাদের প্রচেষ্টাকে উৎসাহিত করিবেন। আপনাদের সকলের উপস্থিতি এই আনন্দ-দায়ক অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করিবে। সংগৃহীত অর্থ সমাজের বিভিন্ন দাতব্য প্রতিষ্ঠানে প্রদান করা হইবে।

### ৪। প্রীতিভোজ ঃ

প্রতি বৎসরের ন্যায় যথারীতি দিনব্যাপী উৎসবের দিনে প্রাতঃকালীন উপাসনাদির শেষে সকলে মিলিয়া প্রেমান্ন গ্রহণের ব্যবস্থা হইতেছে। ইহা ব্যতীত, বালক-বালিকা সম্মেলন ও শান্তিবাচনে যথারীতি মধ্যাহ্ন ও সান্ধ্য ভোজের ব্যবস্থা থাকিবে।

### ৫। উৎসবের চাঁদা ঃ

প্রতি বৎসর অতিরিক্ত ব্যয়ভার এবং সর্বস্তরে ক্রমবর্ধমান মূল্যবৃদ্ধির জন্য উৎসব পরিচালনার ব্যয় বৃদ্ধি পাইয়াছে। উৎসবের এই বিপুল ব্যয়ভার আপনাদের মুক্তহস্ত দানের উপর নির্ভরশীল। আমাদের বিনীত অনুরোধ এই জন্যে প্রয়োজনীয় চাউল, সব্জি, মসলা, তেল-ঘী ইত্যাদির মূল্য এবং অনুষাঙ্গিক ব্যয়ের জন্য সাধ্যমত দান করুন। উৎসবে আপনার দেয় চাঁদা/দান বিগত বৎসরের তুলনায় যথাযোগ্য বৃদ্ধি করিলে বাধিত হইব।

এই মাঘোৎসব সর্বাঙ্গ সুন্দর ও সফল করিবার জন্য সকল সদস্য ও শুভানুধ্যায়ীদের সক্রিয় সহযোগিতা, সাহায্য ও সবান্ধব যোগদান কামনা করি। অনুষ্ঠানগুলিতে সবান্ধবে উপস্থিত হইয়া উৎসবকে প্রাণবন্ত এবং আমন্ত্রিত অংশগ্রহণকারী ও সংগঠকদের উৎসাহিত করুন, এই প্রার্থনা জানাই।

---

**Brahmo Sammilan Barta will be available on Samaj Website.**

**Look out for Samaj site : www.thebrahmosamaj.org/samajes/sammilan.html**

লেখক-লেখিকার নিজস্ব মতামতের জন্য সমাজ ও সম্পাদক-মণ্ডলী কোনক্রমে দায়ী নহেন।

Printed and Published by Sri Prabir Ranjan Das Gupta on behalf of Brahmo Sammilan Samaj, Published from 1A, Dr Rajendra Road, Kolkata-700 020 and Printed at Bhowanipur Art Press, 80, Ashutosh Mukherjee Road, Kolkata-700 025. Editor : Dr. Madhusree Ghosh.